সৃজনশীল বাংলাদেশ

**জেলা শিল্পকলা একাডেমি**
**সুনামগঞ্জ**
www.shilpakala.sunamganj.gov.bd

# জুন মাসে সম্পাদিত কার্যবলী ২০২২ খ্রিস্টাব্দ

## সুনামগঞ্জ জেলার শিল্পী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ডাটাবেজ আপডেটকরণ কর্মসূচি

বাংলাদেশ শিল্পকলা একাডেমির নির্দেশনার আলোকে জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ০২ জুন ২০২২ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার সুনামগঞ্জ জেলার শিল্পী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ডাটাবেজ আপডেটকরণ কর্মসূচি শুভারম্ভ করা হয়। জেলা কালচারাল অফিসার ল্যাপটপ এবং প্রজেক্টর স্ক্রিনের সাহায্য নিয়ে উপস্থিত সাংস্কৃতিক সংগঠক এবং শিল্পীদের ডাটাবেজের নিবন্ধন প্রক্রিয়া ও এর কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কর্মসূচির দিনে ৭টি সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং ১১ জন শিল্পীকে ডাটাবেজে অন্তভুক্ত করা হয়। ৩০ জুন ২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সুনামগঞ্জ জেলার ১৪টি সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং ২১ জন শিল্পী ডাটাবেজে অন্তর্ভূক্ত হয়েছে।

## উচ্চারণ বিষয়ক কর্মশালা

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ০৩-০৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ দুইদিনব্যাপী উচ্চারণ বিষয়ক কর্মশালা আয়োজন করে। এতে প্রশিক্ষক হিসেবে ছিলেন জেলা শিল্পকলা একাডেমির আবৃত্তি বিভাগের প্রশিক্ষ সুমনা তালুকদার রিম্পী এবং বিশিষ্ট আবৃত্তি শিল্পী ও আবৃত্তি প্রশিক্ষক দেবাশীষ তালুকদার শুভ্র। প্রশিক্ষণে জেলা সদরে ২১জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

## চলচ্চিত্র প্রদর্শনী

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ০৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ রোজ শুক্রবার হাছন রাজা মিলনায়তনের লভীতে চলচিত্র প্রদর্শনী আয়োজন করা হয়। নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনীর অংশ হিসেবে ঐদিন মুক্তিযুদ্ধভিত্তিক জনপ্রিয় চলচ্চিত্র আমার বন্ধু রাশেদ প্রদর্শিত হয়। আমার বন্ধু রাশেদ ২০১১ সালে মুক্তিপ্রাপ্ত একটি বাংলাদেশি যুদ্ধভিত্তিক চলচ্চিত্র। মুহম্মদ জাফর ইকবাল রচিত একই নামের কিশোর উপন্যাস অবলম্বনে বাংলাদেশ সরকারের অনুদানে চলচ্চিত্রটি পরিচালনা করেছেন মোরশেদুল ইসলাম। চলচ্চিত্রটি প্রযোজনা করেছে মমন চলচ্চিত্র ও ইমপ্রেস টেলিফিল্ম। এই চলচ্চিত্রে প্রধান চরিত্রে অভিনয় করেছেন চৌধুরী জাওয়াতা আফনান, অন্যান্য চরিত্রে ছিলেন রাইসুল ইসলাম আসাদ, পীযুষ বন্দ্যোপাধ্যায়, ইনামুল হক, হুমায়ারা হিমু, ওয়াহিদা মল্লিক জলি, আরমান পারভেজ মুরাদ, এছাড়াও শিশুশিল্পী হিসেবে অভিনয় করেছেন রায়ান ইবতেশাম চৌধুরী, কাজী রায়হান রাব্বি, লিখন রাহি, ফাইয়াজ বিন জিয়া, রাফায়েত জিন্নাত কাওসার আবেদীন। ১৯৭১ সালে মফস্বল শহরের কয়েকজন কিশোর কীভাবে মুক্তিযুদ্ধের সঙ্গে জড়িয়ে পড়ে, তারই কিছু চিত্র ফুঁটে উঠেছে চলচ্চিত্রে। প্রায় ৩৫ জন চলচ্চিত্র প্রদর্শনী উপভোগ করেন।

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ১৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার সুনামগঞ্জ অটিস্টিক ও বুদ্ধিপ্রতিবন্ধী স্কুলে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। বিশিষ্ট কণ্ঠশিল্পী প্রীতিভূষণ চক্রবর্তীর সঞ্চালনায় আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সুনামগঞ্জ অটিস্টিক ও বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের প্রধান শিক্ষক শাফায়াত মাহবুব এবং জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী। তৎপরে অটিস্টিক স্কুলের শিক্ষিকা কণ্ঠশিল্পী মণিকা দাশের সঞ্চালনায়

সাংস্কৃতিক অনুষ্ঠানে অটিস্টিক স্কুলের শিক্ষার্থীর দলীয় দেশাত্মবোধক সঙ্গীত, দলীয় নৃত্য এবং একক সঙ্গীত ও নৃত্য উপস্থাপতি হয়। তাদের সহজ সরল উপস্থাপনায় অটিস্টিক স্কুলের সকল শিক্ষার্থী অভিভাক ও শিক্ষকমন্ডলীসহ আগত সুধীজন বিশেষ উচ্ছ্বাস প্রকাশ করে। সুনামগঞ্জ অটিস্টিক স্কুলের শিক্ষার্থীদের নিয়ে প্রতিবছর এ ধরনের আনন্দ আয়োজনের জন্য জেলা কালচারাল অফিসারকে অনুরোধ জানানো হয়। জেলা কালচারাল অফিসার এ ধরনের আনন্দ আয়োজন প্রতিবছর আয়োজনের বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেন। অনুষ্ঠানের সমাপ্তিতে সকলকে মিষ্টিমুখ করানো হয়।

**বর্ষামঙ্গল অনুষ্ঠান আয়োজন**

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ১লা আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ; ১৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ রোজ বুধবার বিকেল ৪ ঘটিকায় হাছন রাজা মিলনায়তনে ঋতুভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান বর্ষামঙ্গলের আয়োজন করে। আবৃত্তি প্রশিক্ষক সুমনা তালুকদার রিম্পীর সঞ্চালনায় অনুষ্ঠানে বর্ষা ঋতু নিয়ে আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য উপস্থাপন করে জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। সাংস্কৃতিক পরিবেশনায় প্রশিক্ষণ বিভাগের প্রশিক্ষক ও শিক্ষার্থীদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ এবং বষার আবহে মঞ্চসজ্জা সব মিলিয়ে সাংস্কৃতিক আয়োজন ছিল মনোমুগ্ধকর। অনুষ্ঠানে আলোচক হিসেবে অংশগ্রহণ করেন সুনামগঞ্জ সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মো. জাকির হোসেন, প্রাক্তন অধ্যক্ষ পরিমল কান্তি দে এবং জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

**স্বাক্ষরিত/-**
০৪.০৭.২০২২ ইং
(আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী)
জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ
ফোন: ০৮৭১-৬২২৭০
dcosunamganj@gmail.com